

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
এশিয়া-২ অধিশাখা  
শের-ই- বাংলা নগর, ঢাকা  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd)


## প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৭ সেপ্টেম্বর, ২০১৫ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকায় বাংলাদেশ সরকার এবং কোরিয়ার উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান KOICA এর অনুদানে (কারিগরি ও আর্থিক সহায়তায়) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর আওতাধীন BMET কর্তৃক বাস্তবায়িতব্য “Capacity Development Program of TTC, Rajshahi” শীর্ষক প্রকল্পের চূড়ান্ত Record of Discussions (RD) এবং Terms of Reference (ToR) স্বাক্ষরিত হয়। উক্ত প্রকল্পের অনুকূলে KOICA ৮.৫০ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমান (আনুমানিক ৬৬.২১ কোটি টাকা) অনুদান প্রদান করবে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব Mr. Md. Hazrat Ali ও KOICA-এর পক্ষে ঢাকাস্থ Country Director Mr. Kim Jihoon উক্ত অনুদানের RD টি স্বাক্ষর করেন।

এ স্বাক্ষরিত RD-এর আওতায় KOICA-এর অনুদানে রাজশাহী টিটিসি প্রতিষ্ঠার মাধ্যমে প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং কারিগরী জ্ঞান সম্পন্ন জনবলের উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে আয় বর্ধক এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করবে। কোরিয়ান বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা এবং তাদের প্রশিক্ষণ মডেল ও উন্নয়ন অভিজ্ঞতা বিনিময় করা সম্ভব।

প্রকল্পটির কার্যক্রম রাজশাহী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে পরিচালিত হবে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর আওতাধীন BMET কর্তৃক প্রকল্পের মূল কার্যক্রম RD স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ৪৮ মাসের মধ্যে বাস্তবায়িত হবে।

  
স.০৯.১৫  
(মোঃ তোফায়েল ইসলাম)  
উপ- সচিব

ফোনঃ ৯১৪৫৪৭২  
E-mail: asia2ds@gmail.com  
:ds-2asia@erd.gov.bd